সংবাদ

তারিখ 28 JUN 2012
পৃষ্ঠা ১৬ কলাম ৬

শিক্ষামন্ত্রীর আশ্বাসে

# এমপিওভুক্তির আন্দোলন এক মাস স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের আশ্বাসে নন-এমপিওভুক্ত শিক্ষকরা আগামী এক মাসের জন্য তাদের আন্দোলন-কর্মসূচি স্থগিত রাখার ঘোষণা দিয়েছেন। শিক্ষামন্ত্রী আলোচনা-পর্যালোচনা সাপেক্ষে নন-এমপিওভুক্ত শিক্ষকদের এমপিওভুক্ত করার বিষয়টি বিবেচনা করা হবে বলে শিক্ষকদের আশ্বস্ত করেছেন। এমপিওভুক্তির দাবিতে আন্দোলনরত নন-এমপিও শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের একটি প্রতিনিধিদলের সঙ্গে আলোচনায় শিক্ষামন্ত্রী এ আশ্বাস দেন।

গতকাল দুপুরে সচিবালয়ে মন্ত্রীর দফতরে অনুষ্ঠিত এ আলোচনায় শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, অতিরিক্ত সচিব (কলেজ) মফিজুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদফতরের মহাপরিচালক প্রফেসর নোমান-উর-রশীদ এবং যুগ্ম সচিব (মাধ্যমিক) এএস মাহমুদ উপস্থিত ছিলেন।

মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে নন-এমপিও শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সভাপতি এশারত আলি সাংবাদিকদের বলেন, আমাদের দাবির বিষয়ে মন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। তিনি দাবির যৌক্তিকতা সম্পর্কে একমত পোষণ করেছেন। বিষয়টি পর্যালোচনা করে এ সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হবে বলে মন্ত্রী তাদের আশ্বস্ত করেছেন বলে জানান এ শিক্ষক নেতা। তিনি শিক্ষামন্ত্রীর : পৃষ্ঠা : ২ ক : ৬

শিক্ষামন্ত্রীর : আশ্বাসে

(১৬ পৃষ্ঠার পর)

বলেন, মন্ত্রীর আশ্বাসে সন্তুষ্ট হয়ে আগামী এক মাস আন্দোলন স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছি।

পরে শিক্ষামন্ত্রী বলেন, বিগত দুই দিন ধরে শিক্ষকরা রাস্তায় আন্দোলন করছিলেন। তাদের দাবির বিষয়ে আমাদেরও যথেষ্ট সহানুভূতি রয়েছে। কিন্তু আমাদের সম্পদ ও সাধ্য উভয়েই সীমিত। তাই ইচ্ছা থাকলেও সবকিছু তাড়াতাড়ি করা যায় না। শিক্ষকদের এ দাবির যৌক্তিকতা এবং কীভাবে তা বাস্তবায়ন করা যায় সেসব নিয়েই মূলত শিক্ষক নেতাদের সঙ্গে আলোচনা হয়েছে। এ সময় শিক্ষক নেতারা তাদের দাবিদাওয়া সংবলিত একটি স্মারকলিপি প্রধানমন্ত্রী ও তাকে দেন বলে জানান মন্ত্রী।

তিনি বলেন, শিক্ষকরা তাদের দাবি নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে চেয়েছেন। এ বিষয়ে আমাকে সাহায্য করারও অনুরোধ জানিয়েছেন। তবে এখনই প্রধানমন্ত্রীর সঙ্গে শিক্ষকদের সাক্ষাতের কোন প্রয়োজন নেই। মন্ত্রী বলেন, আপনাদের দেয়া স্মারকলিপি আমি প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেব। পাশাপাশি পুরো বিষয়টি পর্যালোচনা করে দাবি বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। এ সময় মন্ত্রী রাস্তা আটকে সমাবেশ মানববন্ধন করে সাধারণ মানুষকে কষ্ট না দেয়ার জন্য শিক্ষক নেতাদের প্রতি অনুরোধ জানান।

প্রসঙ্গত স্বীকৃতিপ্রাপ্ত প্রায় ৭ হাজার নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করার দাবিতে গত সোমবার থেকে রাজধানীতে আন্দোলন কর্মসূচি চালিয়ে আসছে নন-এমপিও শিক্ষক-কর্মচারী ঐক্যজোট।